গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মুহাম্মদ মোশাররফ হোসেন<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | : ২২ ডিসেম্বর ২০২১ |
| সভার সময় | : দুপুর ১.০০টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট- "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৮ অক্টোবর ২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।

২। অতঃপর সভায় নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>সভায় জানানো হয় যে বিভাগীয় কমিটির সিদ্ধান্তে পরিপ্রেক্ষিতে সকল বিভাগীয় দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং বিবরণ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সংরক্ষণ করা হচ্ছে। | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে সর্বশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়। সভায় বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ৪১টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য উপস্থাপন করা হয়। | (ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০৩. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| **০৪. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার)প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব ওয়েব সাইটে সঠিকভাবে প্রকাশ করা হলে বেশিরভাগ তথ্যই জনগণের নাগালে পৌঁছে যাবে। ফলে তথ্য প্রাপ্তির জন্য আবেদনের সংখ্যাও কমে যাবে। তিনি দাপ্তরিক ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের স্বার্থে সকলের ইতিবাচক দৃষ্টিভঙ্গি থাকার বিষয়ে গুরুত্বারোপ করেন। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |
| **০৫. বিবিধ:**<br>ক. তথ্য অধিকার আইন সম্পর্কিত প্রচার: বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা তাঁর অফিসে অভিযোগ বাক্স স্থাপন করেছেন মর্মে জানান। জনাব এমাদ উল্লাহ শহীদুল ইসলাম কোন কোন অফিসে সেবামূল্য সংক্রান্ত সিটিজেন চার্টার না থাকায় জনগণের হয়রানির বিষয়টি তুলে ধরেন। | ক. তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরের ওয়েবসাইটে সেবামূল্য সম্পর্কিত সিটিজেন চার্টার হালনাগাদক্রমে প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৪২

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

ড. মুহাম্মদ মোশাররফ হোসেন
বিভাগীয় কমিশনার